# উত্তরায় আবাসিক ভবনে আগুনে তিনজন নিহত



সংগৃহীত ছবি

উত্তরায় একটি আবাসিক ভবনে অগ্নিকাণ্ডের ঘটনায় তিনজনের প্রাণহানি হয়েছে। রাজধানীর উত্তরা ১১ নম্বর সেক্টরের ১৮ নম্বর সড়কে অবস্থিত সাততলা ভবনটির দ্বিতীয় তলায় এ দুর্ঘটনা ঘটে।

ফায়ার সার্ভিসের তথ্য অনুযায়ী, শুক্রবার সকাল ৭টা ৫০ মিনিটে আগুন লাগার খবর পাওয়া যায়। মাত্র চার মিনিটের মধ্যে উত্তর ফায়ার স্টেশন থেকে দুটি ইউনিট ঘটনাস্থলের উদ্দেশে রওনা হয়ে সকাল ৭টা ৫৮ মিনিটে পৌঁছে আগুন নেভানোর কাজ শুরু করে।

প্রায় আধাঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে এবং সকাল ১০টার দিকে পুরোপুরি নিভে যায়। অগ্নিকাণ্ডের সময় ভবনের ভেতর থেকে ১৩ জনকে জীবিত উদ্ধার করা হয়। আহতদের চিকিৎসার জন্য কুয়েত মৈত্রী হাসপাতালে পাঠানো হয়েছে।

ফায়ার সার্ভিস জানায়, আগুনে ওই ফ্ল্যাটে অবস্থানরত তিনজন মারা গেছেন। তবে তাৎক্ষণিকভাবে তাদের পরিচয় নিশ্চিত করা যায়নি। কী কারণে আগুনের সূত্রপাত হয়েছে এবং ক্ষয়ক্ষতির পরিমাণ কত, তা এখনো তদন্তাধীন।

LENS ASIA